

India-Netherlands Virtual Summit

April 09, 2021

ভারত – নেদারল্যান্ডের ভার্চুয়াল শীর্ষ সম্মেলন

এপ্রিল 09, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী , আজ নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রী ডের মার্ক রুট্টের সঙ্গে ভার্চুয়াল শীর্ষ সম্মেলন করেছেন। প্রধানমন্ত্রী রুট্টের মাঠে সংসদীয় নির্বাচনে জয়লাভের পর এই শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হল। পর পর চারবার প্রধানমন্ত্রী হওয়ায়, শ্রী মোদী ডের রুট্টেকে অভিনন্দন জানান।

গণতন্ত্র, আইনের শাসন , মানবাধিকারকে সম্মান জানানো এবং ঐতিহাসিক বন্ধনের ওপর ভিত্তি করে ভারত ও নেদারল্যান্ডসের মধ্যে দৃঢ় সহযোগিতামূলক বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে উঠেছে।

সম্মেলনে উভয় নেতা দ্বিপাক্ষিক অংশীদারিত্ব নিয়ে পর্যালোচনা করেছেন এবং ব্যবসা – বাণিজ্য ও অর্থনীতি, জল ব্যবস্থাপনা, কৃষি, স্মার্ট সিটি, বিজ্ঞান ও প্রযুক্তি, স্বাস্থ্য পরিষেবা এবং মহাকাশের মতো ক্ষেত্রে কিভাবে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি করা যায়, তা নিয়ে বৈঠকে আলোচনা হয়েছে।

জল সংক্রান্ত বিষয়ে ভারত – ডাচ সহযোগিতা আরো নিবিড় করার জন্য জলের উপর কৌশলগত অংশীদারিত্ব গড়ে তুলতে দুই প্রধানমন্ত্রী একমত হয়েছেন। এর জন্য যৌথ কর্মীগোষ্ঠীকে মন্ত্রী পর্যায়ে উন্নীত করা হবে।

উভয় নেতা জলবায়ু পরিবর্তন, সন্ত্রাসবাদ মোকাবিলা এবং কোভিড – ১৯ মহামারির মতো আন্তর্জাতিক সমস্যা ও আঞ্চলিক বিভিন্ন বিষয় নিয়ে মত বিনিময় করেছেন।

ভারত – প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সহযোগিতা, স্থিতিশীল সরবরাহ শৃঙ্খল এবং আন্তর্জাতিক ডিজিটাল প্রশাসনের মতো বিষয়ে দুই পক্ষ একযোগে কাজ করার সিদ্ধান্ত নিয়েছে। প্রধানমন্ত্রী, আন্তর্জাতিক সৌরজোট এবং কোয়ালিশন ফর ডিজাস্টার রেজিলিয়েন্ট ইনফ্রাস্ট্রাকচারে নেদারল্যান্ডসের সমর্থনের জন্য ধন্যবাদ জানিয়েছেন। নেদারল্যান্ডসের ভারত – প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল নীতিকে তিনি স্বাগত জানান। ২০২৩ সালে জি-২০ গোষ্ঠীর সভাপতি হিসেবে ভারত, দায়িত্ব গ্রহণ করার পর নেদারল্যান্ডস সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছে।

উভয় নেতা আন্তর্জাতিক শান্তি, স্থিতিবস্থা এবং সমৃদ্ধির জন্য নিয়মভিত্তিক বহুপাক্ষিক নীতি মেনে চলার ক্ষেত্রে তাদের অঙ্গীকার জানিয়েছে। মে মাসে পর্তুগালের পোর্তোতে ভারত – ইউরোপীয় ইউনিয়ন নেতৃবৃন্দের বৈঠক যাতে সফল হয়, দুই দেশই সেই বিষয়ে একযোগে কাজ করবে।

নিউ দিল্লি

এপ্রিল 09, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.